

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৯৫(আগরতলা, ২০।০৪)
করবুক, ২০ এপ্রিল, ২০১৭

করবুকে গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা সমাপ্ত

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে গত ১৮ এপ্রিল পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে করবুক ব্লক ভিত্তিক গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা আয়োজিত হয়। বিধায়ক প্রিয়মণি দেববর্মা এই প্রতিযোগিতার উদ্বোধন করে বলেন, গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা গ্রামীণ এলাকায় ব্যাপক সাড়া ফেলেছে। রাজ্য সরকারের এই উদ্যোগের ফলে রাজ্যের অনেক প্রতিভাবান খেলোয়াড় উঠে আসবে। অনুষ্ঠানে করবুক সাব জোনাল চেয়ারম্যান ফুলচন্দ্র ত্রিপুরাও বক্তব্য রাখেন। ব্লক এলাকার ২২টি ভিলেজের খেলোয়াড়রা কাবাডি, খো - খো, ভলিবল, ফুটবল, এ্যাথলেটিক্স ইত্যাদি ইভেন্টের ক্রীড়া প্রতিযোগিতায় অংশ নেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন করবুক বি এ সি-র চেয়ারম্যান তরেন্দ্র রিয়াং।

This document was converted using
Smart PDF Converter
To remove this message purchase the
product at www.SmartPDFConverter.com